জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 18 July, 2025

মুন্সীগঞ্জের শ্রীনগরে আল-আমিন (২৬) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

গত বৃহস্পতিবার (১৭ জুলাই) সকাল সাড়ে ৯ টার দিকে কামারখোলা এলাকায় রেললাইনের পাশ থেকে তার দ্বিখণ্ডিত মরদেহ উদ্ধার করে ফায়ার সার্ভিস ও রেলওয়ে পুলিশ।

নিহত আল-আমিন কুরিগ্রামের পাচগাছি ইউনিয়নের গাড়িমারা গ্রামের আছর উদ্দিনের ছেলে।স্থানীয়রা সুত্রে জানা গেছে, রেললাইনের পাশে মরদেহ পড়ে থাকতে দেখে তারা ফায়ার সার্ভিসে খবর দেয়।

পরে ফায়ার সার্ভিস কর্মীরা এসে মরদেহ উদ্ধার করে রেলওয়ে পুলিশের কাছে হস্তান্তর করেন।শ্রীনগর ফায়ার স্টেশন অফিসার দেওয়ান আজাদ হোসেন বলেন, "ট্রেনে কাটা পড়ে মৃত্যু হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে।" মাওয়া রেলওয়ে স্টেশন ইনচার্জ এসআই মানিক বিশ্বাস জানান, মরদেহ শনাক্ত করা হয়েছে এবং নিহতের স্বজনদের সাথে যোগাযোগের চেষ্টা চলছে।আল-আমিন এ এলাকায় এসেছিলেন দিনমজুরের কাজে।

মৃত্যু পুলিশ মুন্সীগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:43

URL: https://timestodaybd.com/public/across-the-country/7758074937